সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৪/ ১৭৫

তারিখঃ ০৩/১০/২০২৪

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ **Customs Bond Management System (CBMS) সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে OnBoard কার্যক্রম সম্পন্ন করা প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.১৯/৪০৪ (৮), তারিখঃ ২৩/০৯/২০২৪।
(খ) বিজিএমইএ'র সার্কুরার নং বিজিএ/কাস/২০২৪/১৩৮, তারিখঃ ১০/০৮/২০২৪।
(গ) বিজিএমইএ'র সার্কুরার নং বিজিএ/কাস/২০২৪/১২৮, তারিখঃ ০৮/০৭/২০২৪।
(ঘ) বিজিএমইএ'র সার্কুরার নং বিজিএ/কাস/২০২৪/১২৩, তারিখঃ ০৪/০৭/২০২৪।
(ঙ) বিজিএমইএ'র সার্কুরার নং বিজিএ/কাস/২০২৪/৮৭, তারিখঃ ১৮/০৪/২০২৪।

আপনারা সকলে অবগত আছেন, দীর্ঘদিন ধরে বন্ড সংক্রান্ত কার্যক্রম দ্রুততার সাথে সম্পাদনের লক্ষ্যে "Customs Bond Management System" সফটওয়্যারের কার্যক্রম চলমান রয়েছে। উক্ত সফটওয়্যারে বর্তমানে ১৭টি মডিউল ব্যবহারের উপযোগী রয়েছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড ও বন্ড কমিশনারেট ঢাকা দক্ষিণ হতে অবগত করা হয়েছে।

ইতিমধ্যে বিজিএমইএ হতে সূত্রোক্ত সার্কুলারসমূহ জারীর মাধ্যমে ব্যবহারের উপযোগী মডিউলগুলো ব্যবহার করে সেবা গ্রহনের জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হয়েছে। কিন্তু অধিকাংশ প্রতিষ্ঠান এখনো উল্লেখিত সেবাসমূহের বিপরীতে ম্যানুয়ালি আবেদন করে সেবা গ্রহণ করছেন এবং CBMS সফটওয়্যারে প্রতিষ্ঠানের তথ্য অন্তর্ভুক্তির মাধ্যমে OnBoard হয়ে সেবা গ্রহণ করছেন না মর্মে জাতীয় রাজস্ব বোর্ড হতে সূত্রোক্ত 'ক' নথির মাধ্যমে অবগত করা হয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান আগামী ১৫/১০/২০২৪ইং তারিখের মধ্যে CBMS সফটওয়্যারে বন্ডারগণকে OnBoard করে System এর মাধ্যমে UP প্রদানসহ প্রযোজ্য অন্যান্য কার্যাদি সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট বন্ড কমিশনারেটগুলোকে নির্দেশনা প্রদান করেছেন।

বন্ড সুবিধার আওতায় আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের নিমিত্তে অতিসত্ত্বর CBMS সফটওয়্যারে OnBoard হয়ে উপযোগী মডিউলগুলো ব্যবহার করে সেবা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

০৩/১০/২০২৪

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.১৯/ তারিখ: ২৩-০৯-২০২৪ খ্রি: ।

বিষয়: Customs Bond Management System (CBMS) সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে onboard কার্যক্রম সম্পন্ন করা প্রসঙ্গ।

সূত্র: ১। বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প দপ্তর এর পত্র নং-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০৬.২০.১৮, তারিখ: ২৫-০১-২০২৪ খ্রি.;
২। জাতীয় রাজস্ব বোর্ড কাস্টমস:রপ্তানি ও বন্ড শাখার পত্র নং-০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.১৯/৩৭৫,তারিখ: ০৯-০৯-২০২৪ খ্রি.; এবং
৩। বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প দপ্তর এর পত্র নং- ০৮.০১.০০০০. ০৫৬..১৫.০০৬.২০/১৯০ তারিখ: ১৯-০৯-২০২৪খ্রি:।

সূত্রোক্ত (৩) নং পত্রের মাধ্যমে বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প হতে জানানো হয়েছে যে, ইতোপূর্বে সূত্রোক্ত (১) নং পত্রের মাধ্যমে Customs Bond Management System (CBMS) সফটওয়্যারের মডিউলে তথ্য অন্তর্ভুক্তি করে বন্ডারগণকে Onboard হওয়ার জন্য অনুরোধ করা হয়। এছাড়াও, সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে Customs Bond Managemem System (CBMS) সফটওয়্যারের মাধ্যমে বন্ডারগণকে Onboard করে এই System এর মাধ্যমে UP গ্রহণ সহ প্রযোজ্য অন্যান্য কার্যাবলি সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট বন্ড কমিশনারেটগুলোকে অনুরোধ করা হয়। অদ্যবধি আশানুরূপ সংখ্যক প্রতিষ্ঠান CBMS সফটওয়্যারে Onboarded হয়নি মর্মে বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প দপ্তর হতে জানানো হয়েছে। উল্লেখ্য যে, গত ১৪/০৯/২০২৪ খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে এবং তিন বন্ড কমিশনারেটের কমিশনারের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট বন্ডারগণকে CBM System এ দ্রুততম সময়ের মধ্যে Onboard করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নির্দেশনা প্রদান করা হয়।

০২। বর্ণিতাবস্থায়, Customs Bond Management System (CBMS) সফটওয়্যারে আগামী ১৫/১০/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বন্ডারগণকে Onboard করে System এর মাধ্যমে UP প্রদানসহ প্রযোজ্য অন্যান্য কার্যাদি সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট বন্ড কমিশনারেটগুলোকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৩। উল্লেখ্য যে, CBMS সফটওয়্যারের পোর্টাল http://cushand gov bd 4000/portal এ আপলোডকৃত User Manual এর সহায়তা নিয়ে বন্ডারগণ CBMS সফটওয়্যারে Onboard হতে পারবে। এছাড়াও, CBM System এ কার্যক্রম গ্রহণকালে আইনগত ও কারিগরি কোন সমস্যার সম্মুখীন হলে তা বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পকে অবহিত করা হলে প্রকল্প দপ্তর কর্তৃক তা সমাধান করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে (.........পাতা)।

**এইচ এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

**<u>প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

কমিশনার,
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.১৯/৪০৪ (৮) তারিখ: ২৩-০৯-২০২৪ খ্রি: ।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২। সভাপতি, বিজিএপিএমইএ, ২৭৩/৩, পশ্চিম মানিকদি, ৩য় তলা ইসিবি চত্তর, মিরপুর, ডিওএইচএস লিংক রোড, ঢাকা ।

৩। সভাপতি, বিটিএমএ, লেভেল-৮, ইউটিসি ভবন, পান্থপথ, কাওরান বাজার- ১২১৫।

৪। সভাপতি, এলএফএমইএবি, হারবার গুলশান লিংক, ট-৯৪/বি, মধ্য বাড্ডা গুলশান লিংক রোড, ঢাকা ।

৫। সভাপতি, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন, বিটিএ, বাড়ি নং-৫৭ /এ (২য় তলা, বাম পাশ), রোড নং- ৪/এ, ধানমন্ডি, ঢাকা।

৬। সভাপতি, বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানোফ্যাকচার এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, ৬ষ্ঠ তলা, সুইট- ৬০৩/৬০৪, পল্টন টাওয়ার ,৮৭ পুরাতন পল্টন লাইন, ঢাকা।

৭। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা ।

৮। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং [illegible], সেক্টর ১৭, ব্লক এইচ-১, উত্তরা, ঢাকা।

(২-৮ এর জন্য) তাঁকে তার এসোসিয়েশনভূক্ত প্রতিষ্ঠানসমূহকে পত্রে বর্ণিত বিষয়টি জানানোর এবং তার আলোকে কার্যক্রম গ্রহনের জন্য অনুরোধ করা হল।

৯। পি এ টু সদস্য (কাস্টমস : রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [ সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

১০-১১ । অফিস কপি/ গার্ডকপি।

২৩।০৯।২৪

**এইচ এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা
প্লট নং-০২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ,
সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।
www.dnbc.gov.bd

নথি নং-০৮.০১.২৬৫৩.০২৮.০৫.০০১.২২ তারিখ: .০৯.২০২৪ খ্রি.

## বিজ্ঞপ্তি

জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০৬.২০.১৯০, তাং-১৯.০৯.২০২৪ খ্রি: মোতাবেক Customs Bond Management System (CBMS) সফটওয়্যারের আগামী ১৫.১০.২০২৪ খ্রি. তারিখের মধ্যে বন্ডারগণকে Onboard করে System এর মাধ্যমে UP গ্রহণসহ প্রযোজ্য অন্যান্য কার্যাবলী সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের প্রতিনিধিকে বিনীতভাবে অনুরোধ করা হলো। Online এ সকল কার্যক্রম গ্রহণকালে আইনগত ও প্রকৃত কোন সমস্যা সম্মুখীন হলে বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পকে অবহিত করা হলে তা সমাধান করার ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানানো হয়েছে। উল্লেখ্য যে, CBMS সফটওয়্যারের পোর্টাল http://cusbond.gov.bd:4000/portal এ আপলোডকৃত User Manual এর সহায়তা নিয়ে বন্ডারগণ CBMS সফটওয়্যারের Onboard হতে পারবে।

স্বাঃ
[চপল চাকমা]
ডেপুটি কমিশনার
কমিশনারের পক্ষে

নথি নং-০৮.০১.২৬৫৩.০২৮.০৫.০০১.২২ | ৭২৮৪(২) তারিখ: ২৪.০৯.২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যৈষ্ঠতার ক্রমানুসারেনয়)ঃ

১। অ্যাসিস্ট্যান্ট সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
২। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএভবন, হাউস নং-৭/৭এ, ব্লক নং-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
৩। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামটর, ঢাকা।
৪। সভাপতি, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ), বাড়ী # ৮৮, ফ্লাট # (এ-১), লেভেল-১, রোড # ৭/এ, ধানমন্ডি, ঢাকা।
৫। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।
৬। সভাপতি, বিপিজিএমইএ, পল্টন টাওয়ার, সুইট-৬০৩ ও ৬০৪, ৮৭, পুরানো পল্টন লাইন (৭ম তলা), ঢাকা-১০০০।
৭। সভাপতি, বিজিএপিএমইএ, সোনারতরী টাওয়ার (১০ম তলা), প্লট নং-১২, সোনারগাঁও লিংক রোড, বাংলামটর, ঢাকা।
৮। সভাপতি, বিএলএমইএ, ১০ম তলা, ইরেক্টরস হাউস, ১৮, কামাল আতার্তুক এভিনিউ, বনানী বা/এ, ঢাকা-১২১৩।
৯। সভাপতি, লেদার গুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি), ইরেক্টরস হাউস (১০ম তলা), ১৮, কামাল আতার্তুক এভিনিউ, বনানী বা/এ, ঢাকা-১২১৩।
১০। নোটিশ বোর্ড।

২৪/৯/২০২৪
[চপল চাকমা]
ডেপুটি কমিশনার।

Shahiom

BGMEA

সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৪/ ৯৬৮

তারিখঃ ১০/০৮/২০২৪

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ **Customs Bond Management System (CBMS) সফটওয়্যারে ব্যবহার উপযোগী মডিউলসমূহের মাধ্যমে বন্ড সংক্রান্ত কার্যক্রম সম্পাদন প্রসঙ্গে।**

সূত্রঃ(ক) কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) এর নথি নং ৫(১৩)০১/কাস বন্ড/অটোমেশন/বিবিধ/২০২০/৭৭৪৫(২), তারিখ: ৩০/০৭/২০২৪।
(খ) বিজিএমইএ'র সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৪/১২৩, তারিখ: ০৪/০৭/২০২৪।

আপনাদের সদয় অবগতির জন্য জনানো যাচ্ছে যে, বন্ড সংক্রান্ত কার্যক্রম দ্রুততার সাথে সম্পাদনের লক্ষ্যে "Customs Bond Management System" সফটওয়্যারের নিম্নে উল্লেখিত ব্যবহারের উপযোগী মডিউলগুলোর মাধ্যমে বন্ডের সেবা গ্রহণ করার জন্য কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (দক্ষিণ) হতে সূত্রোক্ত 'ক' নির্দেশনা জারী করা হয়েছেঃ

(a) Bond License Application;
(b) Bonder Profile & Licence DB Management;
(c) Local Purchase & Sales Management;
(d) e-bond Register Management;
(e) UP Management;
(f) Lien Bank Change Management;
(g) Bonder Inventory Monitoring Management;
(h) Co-efficient Management;
(i) General Bond Management;
(j) HS Code Management Module;
(k) Machinery Database Management;
(l) UD Integration, Re-Creation & Summarization Management;
(m) Machinery Purchase/sales/ Decommissioning Management;
(n) CBC Portal Management;
(o) e-Passbook Management;
(p) Entitlement Management;
(q) Inter-Bond Raw Materials & Machinery Transfer Management.

উল্লেখ্য, বিজিএমইএ হতে ইতঃপূর্বে সূত্রোক্ত 'খ' সার্কুলারের মাধ্যমে এ'বিষয়ে আপনাদেরকে অবগত করা হয়েছে। কিন্তু অধিকাংশ প্রতিষ্ঠান এখনো উল্লেখিত সেবাসমূহের বিপরীতে ম্যানুয়ালি আবেদন করছেন। যার কারণে CBMS সফটওয়্যারের প্রয়োগ ও প্রযোজ্য সুবিধা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না।

বন্ড সুবিধার আওতায় আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের নিমিত্তে CBMS সফটওয়্যারে প্রতিষ্ঠানের তথ্য অন্তর্ভুক্তির মাধ্যমে On Board হয়ে উল্লেখিত সেবাসমূহ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় বন্ডের আওতায় কার্যক্রম সম্পাদনে প্রতিষ্ঠানসমূহ জটিলতার সম্মুখীন হবেন।

ধন্যবাদান্তে,

১০/৮/২০২৪

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org